রবিউল আউয়াল মাস: ঘটনাপ্রবাহ ও আমাদের শিক্ষা

মূল লেখক:সুলাইমান বিন জাসের আল-জাসের
ভাষান্তরে: আবু আব্দুল্লাহ আল হাম্মাদ আব্দুল্লাহীল হাদী
সভাপতি, জমঈয়ত শুব্বানে আহলে হাদীস বাংলাদেশ।

إنّ الحمد لله، نحمده ونستعينه، ونستغفره، ونعوذ بالله من شرور أنفسنا، وسيئات أعمالنا، من يهده الله فلا مضل له، ومن يضلل فلا هادي له، وأشهد أن لا إله إلا الله وحده لا شريك له وأشهد أنّ محمدًا عبده ورسوله.

ভূমিকা:

রবিউল আউয়াল মাসে এই উম্মতের জীবনে গুরুত্বপূর্ণ কিছু ঘটনা সংঘটিত হয়েছে। এসব ঘটনা মুসলমানদের মধ্যে ব্যাপক আগ্রহের কেন্দ্রবিন্দু হয়েছে, বরং এ নিয়ে অনেক মতভেদও সৃষ্টি হয়েছে। এই মাসে সংঘটিত নববী সীরাতের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনাগুলো হলো: **নবী ﷺ এর জন্ম, তাঁর মদীনায় হিজরত এবং ইন্তেকাল।** এসব ঘটনা শুধু মুসলমানদের জীবনে নয়, বরং জ্বিন ও মানুষের জীবনেও অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আর এই মাসে কিছু মুসলিম এমন এক বিদআতে লিপ্ত হয়েছে যা তাদের দ্বীনে অনুপ্রবেশ করেছে। তারা নবীজির জন্মকে একটি উৎসব বানিয়েছে, এর জন্য বিশেষ কিছু আচার-অনুষ্ঠান নির্ধারণ করেছে, যা কুরআন, সুন্নাহ এবং সালাফে সালেহীনের পথের পরিপন্থী। এমনকি এদের মধ্যে কেউ কেউ নবী ﷺ এর জন্মকে সীরাতের সবচেয়ে বড় ঘটনা বরং সমগ্র অস্তিত্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা হিসেবে মনে করে।

যদিও নবী ﷺ এর জন্মের চেয়ে আরও গুরুত্বপূর্ণ ঘটনা হলো তাঁর হিজরত। আল্লাহর কৃপায় এ হিজরতের মাধ্যমে মুসলিম সমাজ ও মুসলিম রাষ্ট্র গড়ে ওঠে, যা দীর্ঘ শতাব্দীব্যাপী টিকে ছিল এবং মানবজাতির জন্য এক অনন্য সভ্যতা উপহার দিয়েছিল। এই ঘটনার গুরুত্বের কারণেই উমর ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু এবং পরবর্তী মুসলিমগণ ইসলামি ক্যালেন্ডারের সূচনা এ হিজরত থেকেই করেছিলেন।

عن الشعبي أنّ أبا موسى رضي الله عنه كتب إلى عمر رضي الله عنه: إنّه يأتينا منك كُتب ليس لها تاريخ، فجمع عمر رضي الله عنه النّاس، فقال بعضهم: أرِّخ بالمبعث، وبعضهم: أرِّخ بالهجرة، فقال عمر: "الهجرة فرّقت بين الحقّ والباطل فأرّخوا بها"

ইবনু আবী শাইবা ‘আমের আশশাবী থেকে বর্ণনা করেছেন যে, আবু মূসা আশ‘আরী রাদিয়াল্লাহু আনহু উমর রাদিয়াল্লাহু আনহু -এর কাছে লিখে পাঠালেন: ‘আপনার পক্ষ থেকে আমাদের কাছে এমন কিছু চিঠি আসে যাতে কোনো তারিখ লেখা থাকে না।’ তখন উমর রাদিয়াল্লাহু আনহু মানুষদের একত্রিত করলেন। কারো প্রস্তাব ছিল মাব‘আস তথা নবুয়তের সূচনা থেকে তারিখ নির্ধারণ করার, আবার কারো প্রস্তাব ছিল হিজরত থেকে নির্ধারণ করার। তখন উমর রাদিয়াল্লাহু আনহু বললেন: ‘হিজরতই হলো সেই ঘটনা, যা হক ও বাতিলের মাঝে পার্থক্য ঘটিয়েছে। তাই হিজরত থেকেই তারিখ নির্ধারণ করো।’

[আল-মুসান্নাফ ৭/২৬]

রবিউল আউয়াল মাসে নবী ﷺ এর জীবনীতে আরেকটি গুরুত্বপূর্ণ ঘটনা হলো তাঁর ইন্তেকাল। কারণ, নবী ﷺ এর ইন্তেকাল সাধারণ মানুষের মৃত্যু নয়, এমনকি অন্য নবীদের মৃত্যুর মতোও নয়। বরং তাঁর ইন্তেকালের মাধ্যমেই নবুওয়াতের ধারা চিরতরে শেষ হয়ে যায়, আসমান থেকে খবর নাযিল হওয়া এবং আল্লাহর ওহীর মাধ্যমে দুনিয়ার সাথে সম্পর্ক স্থাপনও বন্ধ হয়ে যায়।

নবী ﷺ মুসলিমদের উপর আসা এ মহা মুসিবতের (তাঁর ইন্তেকালের) গুরুত্বের দিকে সতর্ক করেছিলেন। তিনি বলেন:

يا أيها الناس أيما أحد من الناس أو من المؤمنين أصيب بمصيبة فليتعزّ بمصيبته بي عن المصيبة التي تصيبه بغيري، فإن أحدًا من أمتي لن يصاب بمصيبة بعدي أشدّ عليه من مصيبتي

'হে মানুষ! মানুষের মধ্যে যে কারো বা কোনো মু'মিনের উপর যদি কোনো বিপদ আসে, তবে সে যেন আমার মৃত্যুজনিত বিপদকে স্মরণ করে তা দ্বারা সান্ত্বনা লাভ করে। কেননা আমার উম্মতের কারো উপর আমার মৃত্যুর চেয়ে বড় কোনো বিপদ আসবে না।'
(ইবনু মাজাহ-১৫৯৯; সহীহ, সহীহাহ-১১০৬)।

সিন্দী (রহ.) বলেন: 'فليتعزّ অর্থ হলো, সে যেন নিজের উপর আসা কষ্টকে হালকা করে নেয় এ মহা বিপদকে স্মরণ করার মাধ্যমে। কারণ ছোট বিপদগুলো বড় বিপদের সামনে তুচ্ছ হয়ে যায়। তাই যখন মানুষ বড় বিপদের উপর ধৈর্য ধারণ করতে পারে, তখন ছোট বিপদ নিয়ে তার দুশ্চিন্তা করা উচিত নয়।'
(হাশিয়াতুস সিন্দী 'আলা ইবনে মাজাহ, হাদীস-১৫৯৯)।

সৎকর্ম ও তাকওয়ার উপর সহযোগিতা করা, সত্যের উপর একে অপরকে উপদেশ দেওয়া এবং ধৈর্যের উপর উৎসাহিত করার জন্য নসিহত, দিকনির্দেশনা ও উপদেশ প্রদানের মাধ্যমে আমি (লেখক) তোমাদের স্মরণ করিয়ে দিচ্ছি তামীম আদ-দারী ﵁ থেকে বর্ণিত সেই হাদীসকে, যেখানে নবী ﷺ বলেছেন:

«الدِّين النَّصيحة»، قلنا: لمن؟ قال: «لله، ولكتابه، ولرسوله، ولأئمة المسلمين وعامتهم

'দ্বীন হলো নসিহত।' আমরা জিজ্ঞাসা করলাম: কার জন্য? তিনি বললেন: 'আল্লাহর জন্য, তাঁর কিতাবের জন্য, তাঁর রাসূলের জন্য, মুসলিমদের নেতাদের জন্য এবং সাধারণ মানুষের জন্য।' (মুসলিম- ৫৫)।

এই হাদীস থেকে অনুপ্রাণিত হয়ে আমি রবিউল আউয়াল মাস সম্পর্কে এ ছোট্ট রিসালাহ (পত্র) সংগ্রহ করেছি। মহান আল্লাহর নিকট প্রার্থনা করছি, তিনি যেন এটিকে উপকারী করেন, এবং এটি যেন তাঁর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে খাঁটি ও সঠিক হয়; অর্থাৎ, যেন তা নবী ﷺ এর সুন্নাহ অনুযায়ী হয়।

রবিউল আউয়াল এর অর্থ ও নামকরণের কারণ:

প্রথমত:

রবিউল আউয়াল এর অর্থ:

এ মাসকে রবিউল আউয়াল বলা হয়েছে, কারণ এর নামকরণ বসন্ত ঋতুতে (আরবীতে রবী) করা হয়েছিল, আর সেই নামই থেকে গেছে।

রিব্' অর্থ হলো: কারো বসতি বা স্থায়ী বসবাসের স্থান। যেমন বলা হয়: ما أوسع ربع بني فلان! অর্থাৎ, অমুক গোত্রের বসতি কতই না বিস্তৃত!

আরবীতে বলা হয়: ربعت الإبل অর্থাৎ, উট যখন কোনো বসতিতে এসে থামে ও অবস্থান করে। একইভাবে বলা হয়: جاءت الإبل روابع অর্থাৎ, উটেরা বসতিতে এসে অবস্থান করল।

ইবনুস সিকীত বলেন: ربع الرجل يربع অর্থ, মানুষ যখন কোথাও থামে ও অবস্থান করে।

আরবদের নিকট 'রবী' (বসন্ত) দুই প্রকার:

১. রবীউল-শুহুর (মাসের বসন্ত):
   এটি সফর মাসের পরের দুই মাস। আর এর জন্য শুধু এভাবেই বলা হয়: শাহরু রবীউল আউয়াল (রবিউল আউয়াল মাস) এবং শাহরু রবীউল আখির (রবিউল আখির মাস)।
২. রবীউল-আজমিনা (সময়ের বসন্ত):
   এটিও দুই প্রকার:

১. (الرّبيع الأول): যে ঋতুতে কামা (এক প্রকার উদ্ভিদ) ও ফুল জন্মে, যাকে বলা হয় রবীউল-কালা (চারার বসন্ত)।

২. (الرّبيع الثاني): যে ঋতুতে ফলমূল পাকে। কিছু লোক এটিকেই প্রথম বসন্ত বলে থাকে।

রবী' (ربيع)-এর বহুবচন:

আরবীতে রবী এর বহুবচন হলো أربعاء (আরবিআ) এবং أربعة (আরবা`আহ) যেমন نصيب (নসীব)-এর বহুবচন أنصباء (আনসবাআ) ও أنصبة (আনসিবাহ)।

ইয়াকুব (রহ.) বলেন: رَبِيعُ الْكَلَإِ (ঘাস-চারার বসন্ত)- এর বহুবচন হয় أربعة (আরবা`আহ) এবং رَبِيعُ الجَدَاوِلِ (খালের বসন্ত)-এর বহুবচন হয় أربعاء (আরবিআ)।

আর 'রবী' শব্দের আরেক অর্থ হলো: বসন্তকালের বৃষ্টি। এর থেকে বলা হয়: رَبَعَت الأرض فهي مربوعة অর্থাৎ, জমিতে বসন্তের বৃষ্টি হয়েছে, ফলে তা সতেজ হয়ে উঠেছে।

الصحيح في اللغة ٢٣٨/١، المصباح المنير ٢١٦/١، المفصل في تاريخ العرب ٢٧٥/١٥

দ্বিতীয়ত: নামকরণ (تسميته):

রবিউল আউয়াল মাসকে এ নামে ডাকার পেছনে কয়েকটি বর্ণনা এসেছে। তার মধ্যে একটি হলো আরবরা সফর মাসে অন্য গোত্রে হামলা করে যা লুটতরাজ করত, সেটাকে তারা এ মাসে (রবিউল আউয়াল) ভাগাভাগি করে নিত। কারণ সফর ছিল তাদের কাছে আক্রমণ শুরু করার প্রথম মাস, যা মুহাররম মাস শেষ হওয়ার পর থেকে শুরু হতো। তবে এটি ছিল জাহেলিয়াতের আমল। ইসলাম আগমনের পর এ ধরনের জাহেলি ধারণা পরিবর্তিত হয়েছে, এবং রক্তক্ষয় বন্ধ করা হয়েছে; শুধুমাত্র শরীয়তের বিধান যেমন কিসাস ইত্যাদির প্রয়োজনে হত্যা করা বৈধ রাখা হয়েছে।

কিছু মানুষ বলেছেন, এই মাসের নামকরণ এমনও হয়েছে কারণ এই মাস ও এর পরের মাস (রবিউল আখির) উভয়েই মানুষের এবং গবাদিপশুর জন্য আরামদায়ক ও শীতল সময় হিসেবে পরিচিত ছিল। এই দুই মাস আসে এমন একটি সময়ে যা আরবরা খরিফ বলে ডাকে, এবং তারা এটিকে রবিউ বলত। আরবদের কাছে রবিউ বলতে মূলত গ্রীষ্মের শীতল সময় বোঝাত, আর গ্রীষ্ম বলতে মূলত তপ্ত সময় বোঝাত।

আরেকটি মত হলো আরবরা শীতকে দুই ভাগে ভাগ করত। প্রথম ভাগকে তারা বলত রবিউয়ুল মা' ওয়াল মাতার তথা পানি ও বৃষ্টির বসন্ত, দ্বিতীয় ভাগকে বলত রবিউয়ুল কালা তথা উদ্ভিদের বসন্ত, কারণ এই সময়ে উদ্ভিদ পূর্ণতা পেত। আসলে, আরবদের কাছে পুরো শীতই ছিল এক ধরনের রবিউ কারণ এতে ভেজা ও শিশির বেশি থাকে।

বাস্তবে, আরবদের কাছে রবি ছিল দুই রকম:

১. রবীউল-শুহুর (মাসের বসন্ত) যা সফরের পরবর্তী দুই মাস: রবিউল আউয়াল ও রবিউল আখির।

২. রবীউল-আজমিনা (সময়ের বসন্ত) যা আবার দুই ভাগে বিভক্ত:

রবিউল আউয়াল: যে ঋতুতে কামা (এক প্রকার উদ্ভিদ) ও ফুল জন্মে। আরবরা এটিকে বলত রবিউ আল-কালা অর্থাৎ পশুপশির খাবারের জন্য অনুকূল সময়।

রবিউস সানী: এটি সেই সময়, যখন ফল সংগ্রহযোগ্য হয়, কেউ কেউ এটিকে রবিউল আখির বলে, আবার কেউ কেউ আগের মতো এটিকেও রবিউল আউয়াল বলে উল্লেখ করে।

এইভাবে, **আবু আল-গাউস বলতেন:**

"আরবরা বছরকে ছয়টি ভাগে ভাগ করত: দুই মাস এর মধ্যে ছিল রবিউল আউয়াল, দুই মাস গ্রীষ্ম, দুই মাস তপ্ত গরম (قيظ), দুই মাস রবিউস সানী, দুই মাস শরৎ এবং দুই মাস শীত।"
[আল-কামুসল মুহীত, পৃষ্ঠা ৯২৮; তাজ আল-‘আরূস ২১/৩৪; লিসানুল আরব ৮/৯৯]

রবিউল আউয়াল মাসে ঘটে যাওয়া গুরুত্বপূর্ণ ঘটনাসমূহ:

প্রথম ঘটনা: নবী ﷺ এর জন্ম:

নবী ﷺ জন্মগ্রহণ করেছিলেন সোমবারের দিনে, যেমনটি সহীহ মুসলিমে এসেছে আবূ ক্বাতাদা আনসারী রাদিয়াল্লাহু আনহু থেকে। যখন নবী ﷺ কে সোমবারের দিনে সওম সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল, তিনি উত্তরে বলেছিলেন: «ذَاكَ يَوْمٌ وُلِدْتُ فِيهِ وَيَوْمٌ بُعِثْتُ أَوْ أُنْزِلَ عَلَيَّ فِيهِ»

"এটি সেই দিন, যেদিন আমি জন্মগ্রহণ করেছি এবং যেদিন আমি নবুওয়াত প্রাপ্ত হয়েছি বা আমার উপর অহী অবতীর্ণ হয়েছে।" [মুসলিম- ২৮০৪]

নবী ﷺ এর জন্মের মাস ও তারিখ সম্পর্কে বিভিন্ন মত রয়েছে।

- ✓ ইবনে ইসহাক বলেছেন: "রাসূলুল্লাহ ﷺ জন্মগ্রহণ করেছিলেন সোমবারের দিন, রবিউল আউয়ালের ১২ তারিখে, হস্তি বাহিনীর বছর।" [ইবনু হিশাম: সিরাতুন নাবাবিয়া, ১/১৮৩]
- ✓ ইবনে কাসীর বলেছেন:"নবী ﷺ জন্মগ্রহণ করেছিলেন সোমবারে রবিউল আউয়ালের ২ তারিখে।
- ✓ কিছু ইতিহাসবিদের মতে ৮ তারিখ, আবার কেউ ১০ তারিখ, আবার কেউ ১২ তারিখের কথা উল্লেখ করেছেন।
- ✓ জুবায়ের বিন বাক্কার বলেছেন, জন্ম হয়েছিল রমজান মাসে, যা সুহাইলী 'আর-রওদ'-এ উল্লেখ করেছেন।" কিন্তু এটি মতটি বিরল। [ইবনে কাসীর, আল-ফুসুল ফি সিরাতির রাসূল, পৃষ্ঠা ৯]
- ✓ কিছু সূত্রে বলা হয়েছে:"রবিউল আউয়ালের ৯ তারিখে জন্মগ্রহণ করেছিলেন।"[আল-রাহীকুল মাখতুম, পৃষ্ঠা ৪৫]

যে বছরে জন্মগ্রহণ করেছেন:

- ✓ ইবনে ইসহাক বলেছেন:" হস্তি বাহিনীর বছর (আমুল ফিল)।"
- ✓ ইবনে কাসীর বলেন:"এটি অধিকাংশ আলেমের নিকট প্রশিদ্ধ মত।"
- ✓ ইবরাহীম বিন আল-মুনযির আল-হিজ্জামী, বুখারীর উস্তাদ, বলেছেন:"এটি এমন বছর, যা নিয়ে আলিমরা কোনো সন্দেহ করেননা।"
  [সীরাত ইবনে হিশাম (১/১৮৩), আল-ফুসুল ফি সিরাতির রাসূল পৃ. ৯]
- ✓ ইমাম বাইহাকী ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন:"রাসূলুল্লাহ ﷺ ফিলের বছর জন্মগ্রহণ করেছিলেন।" [দালাইলুন নুবুয়া, আল-বাইহাকী (১/১৭৫)]
- ✓ এছাড়াও ইবনে ইসহাক, আবু নুয়াঈম এবং বাইহাকী মুতাল্লিব বিন আব্দুল্লাহ বিন কাইস বিন মাখরামা থেকে বর্ণনা করেছেন, যিনি তার পিতা এবং দাদার থেকে বর্ণনা করেছেন:"আমি এবং রাসূলুল্লাহ ﷺ ফিলের বছরে জন্মগ্রহণ করেছি, আমরা একসঙ্গে ছিলাম।"
  [দালাইলুন নুবুয়া, আল-বাইহাকী (১/১৭৬)]
- ✓ উসমান বিন আফফান রাদিয়াল্লাহু আনহু কিয়াস বিন আশইয়াম আল-কানানী আল-লাইসীকে জিজ্ঞাসা করেছিলেন: "হে কিয়াস, আপনি কি রাসূলুল্লাহ ﷺ থেকে বড়?" কিয়াস উত্তর দিলেন: "রাসূলুল্লাহ ﷺ আমার চেয়ে বড়, আর আমি তাঁর চেয়ে প্রবীণ!"

লক্ষ্য করুন এই ভদ্রতা, সুন্দর চরিত্র ও নম্র উত্তর! কত অনুপ্রেরণাদায়ক বক্তব্য! তিনি আরও বললেন: "রাসূলুল্লাহ ﷺ ফিলের বছরে জন্মগ্রহণ করেছিলেন এবং আমার মা আমাকে নিয়ে খুদকুল ফিলের কাছে গিয়েছিলেন, যা সবুজ এবং বিস্ময়কর ছিল।"[দালাইলুন নুবুয়া, আবু নুয়াঈম (১/১৭৮)]

এ অনুসারে বলা হয়

- ✓ নবী ﷺ জন্মগ্রহণ করেছেন: ফিলের পঞ্চাশ দিন পর।
- ✓ ইবনে কাসিরের মতে এটি সবচেয়ে প্রশিদ্ধ মত এবং মাসউদী ও সুহাইলী এটিকে বিশুদ্ধ বলেছেন। তিনি আরও বলেন যে, এটি সবচেয়ে প্রচলিত ও গ্রহণযোগ্য।
- ✓ অন্যদের মতে, আরো পাঁচ দিন বা আট দিনের বেশি।
- ✓ ইবনু মাসউদ ও ইবনু আসাকির আবু জাফর আল-বাকের থেকে বর্ণণা করেছেন: "হাতি বাহিনীর আগমন হয়েছিল মুহাররমের অর্ধেকে, এবং রাসূলুল্লাহ ﷺ এর জন্ম হয়েছিল এর ৫৫ দিন পর।" হাফেজ আল-দামিয়াতি এই বক্তব্যকে সঠিক বলেছেন।
- ✓ অন্যান্য মতামতও রয়েছে: ৪০ দিন পরে, ১ মাস ৬ দিন পরে, ১০ দিন পর, ৩০ বছর পর, ৪০ বছর পর, ৭০ বছর পর। [সুবুলুল হুদা ওয়ার রাশাদ, ১/৩৩৫-৩৩৬]
- ✓ রাসূলুল্লাহ ﷺ এর জন্ম ঘটেছিল কিসরার রাজা আনো শরওয়ান-এর রাজত্বের ৪০ বছর পূর্ণ হওয়ার সময়ে। এটি প্রায় এপ্রিল মাসের ২০ বা ২২ তারিখ ৫৭১ সালের সাথে মিলে যায়।
- ✓ কেউ কেউ বলেছেন, ৫৭০ সালেও জন্ম হতে পারে। [আর-রহীকুল মাখতূম, পৃ. ৪৫]
  এখান থেকে বলা যায় যে, রাসূলুল্লাহ ﷺ জন্মগ্রহণ করেছিলেন সোমবার, রাবিউল আওয়াল মাসে, ফিলের ঘটনাটির প্রথম বছর। এটাই অধিকাংশ আলেমের মত।
- ✓ ইবনু সাদ বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহর মা বলেছেন: "যখন আমি তাকে জন্ম দিলাম, তখন তার জন্য এমন আলো বের হলো যা শামের প্রাসাদগুলোকে আলোকিত করেছিল।"
  [আত-তবাকাতুল কুবরা, ১/১০২]।

বর্ণিত আছে যে, রাসূলের জন্মের সময় নবুওয়াতের কিছু ইঙ্গিত ঘটেছিল। কিসরার প্রাসাদের চৌদ্দটি বারান্দা ধ্বংস হয়ে পড়েছিল, অগ্নিপূজারীদের পূজিত আগুন নিভে গিয়েছিল সাওয়া হ্রদ ডুবে যাওয়ার পর এর আশেপাশের গির্জাগুলি ভেঙে পড়ে। [আল-বাইহাকী, দালায়িলুন নবুয়্যাহ, ১/১২৬]

শাইখ আল-আলবানী (রহ.) বলেন: " প্রাসাদের কম্পন, বারান্দা ধসে পড়া, আগুন নিভিয়ে যাওয়া, মোবাদানের দর্শন এবং অন্যান্য লক্ষণ উল্লেখ করেছেন, কিন্তু এতে কিছুই নেই।"
[সহীহ আল-সিরাহ আল-নববিয়্যাহ,পৃষ্ঠা-১৪]
আমি বলবো (সুলাইমান ইবনে জাসের আল-জাসের): তিনি যা বোঝাতে চেয়েছিলেন, তা হল, এ সম্পর্কে কোন নির্ভরযোগ্য তথ্য প্রকাশিত হয়নি।

ডা. আকরাম জিয়া আল উমারী বলেন,"রাসূলের জন্মের রাতে জ্বিনদের চিৎকার ও তাঁর ব্যাপারে সুসংবাদ প্রদান, মক্কার প্রতিমালয়ের কিছু প্রতিমা ভেঙ্গে পড়া, কেসরার প্রাসাদ প্রকম্পিত হওয়া ও তার বারান্দা ভেঙ্গে পড়া, অগ্নিপূজকদের অগ্নি নিভে যাওয়া,সাওয়া হ্রদের শুকিয়ে যাওয়া, মোবাদানের দর্শনে আরবীয় ঘোড়াগুলি টাইগ্রিস পার হয়ে পারস্য জুড়ে ছড়িয়ে পড়ার চিত্র দেখা এগুলো সবই বানোয়াট ও মিথ্যা।

এছাড়াও কিছু দুর্বল বর্ণনা এসেছে, যেমন: নবী ﷺ এর জন্মের রাতে ইয়াহুদীদের পূর্বজ্ঞান, এবং মাররে জাহরান এলাকার পাদ্রী এয়সা নবী ﷺ এর জন্ম সম্পর্কে সংবাদ দেওয়া। এছাড়াও তাঁর চাচা আব্বাস বলেছিলেন যে, তিনি নবী ﷺ কে খাটে চাঁদের মতো দীপ্তিময় দেখেছেন। কিন্তু কিছু সংবাদ রয়েছে যা একে অন্যক শক্তিশালী করে, তার মধ্যে একটি হলো: যখন নবী ﷺ জন্মগ্রহণ করছিলেন, তখন তাঁর মা আমেনা একটি জ্যোতি দেখেছেন যা তাঁর থেকে বের হয়ে শামের ভূমিতে অবস্থিত বাসরার প্রাসাদগুলোকে আলোকিত করেছিল। [আস-সীরাহ আন-নবাবিয়্যাহ আস-সাহিহাহ (১/৯৮-১০১)]

যখন তাঁর মা তাঁকে জন্ম দিলেন, তখন তিনি তাঁর দাদা আব্দুল মুত্তালিবকে, তাঁর নাতির সংবাদ দিতে পাঠালেন। আব্দুল মুত্তালিব আনন্দিত হয়ে হাজির হলেন, নবজাতককে কাবায় নিয়ে গেলেন, আল্লাহর কাছে দোয়া ও কৃতজ্ঞতা প্রকাশ করলেন এবং তাঁর জন্য “মুহাম্মদ” নাম নির্বাচন করলেন। [ইবনু হিশাম-১/১৮৪-১৮৫]।

এই মহৎ ঘটনা থেকে শিক্ষা ও উপদেশগুলো:

এই ঘটনা মানবজাতির জীবনে একটি গুরুত্বপূর্ণ ঘটনা, যা আল্লাহর ওহী অবতরণের সূচনা হিসেবে ঘটেছে, যাতে মানুষকে অন্ধকার থেকে আলোর পথে নিয়ে আসা যায়, একমাত্র আল্লাহরই ইবাদত করার শিক্ষা দেওয়া এবং শিরক ও প্রতিমা থেকে মানুষকে বিরত রাখা যায়।

এই মহৎ ঘটনার মাধ্যমে আমরা শিখি:

আল্লাহ তাঁর বান্দার যত্ন নেন, তাদের জন্য রাসূল ও কিতাব পাঠিয়ে সাহায্য করেন, তাদের রক্ষা ও হেফাজত করেন এবং তাদের কল্যাণ কামনা করেন।

এবং এই ঘটনার আরো একটি শিক্ষণীয় দিক হলো যে, আল্লাহ তা'য়ালা নবী ﷺ-কে এতিম ও দরিদ্র অবস্থায় নির্বাচন করেছেন, যাতে আল্লাহই তাঁর পূর্ণ তত্ত্বাবধান ও লালনপালন করেন। আল্লাহ তাঁর তত্ত্বাবধান ও প্রশিক্ষণের মাধ্যমে নবীকে প্রস্তুত করেছেন রিসালাতের জন্য, মানুষকে অন্ধকার থেকে আলোর দিকে নিয়ে যাওয়ার জন্য। আল্লাহ তাঁকে শৃঙ্খলাবদ্ধ করেছেন, শক্তিশালী ও সহায়ক করেছেন, এবং ফলশ্রুতিতে এমন একটি প্রজন্ম গড়ে উঠেছে যারা পূর্বে গবাদি পশুপালন করত, তারা হয়ে উঠল বিশ্বের নেতৃস্থানীয় জাতি। তারা সভ্যতা গড়েছে এবং একটি উম্মাহ প্রতিষ্ঠা করেছে যা চারদিক ছড়িয়ে পড়েছে এবং ইসলাম ধর্ম প্রচার করেছে।

দ্বিতীয় ঘটনা: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হিজরত:

নবী ﷺ হিজরত করেছিল মক্কা মুকাররমা থেকে মদিনা মুনাওয়ারায়। তিনি মদিনায় প্রবেশ করেন ১২ই রবিউল আউয়াল ৬২২ খ্রিস্টাব্দে। মক্কা থেকে বের হয়েছিলেন বৃহস্পতিবার, যা ছিল রবিউল আউয়াল মাসের প্রথম দিন এবং মদিনায় পৌঁছান ১২ তারিখ, সোমবার দুপুরে। তখন তাঁর বয়স হয়েছিল ৫৩ বছর। (২৮ জুন ৬২২ খ্রিস্টাব্দ)” [মুহাম্মাদ রাসূলুল্লাহ ১/১৫৯]।

নবীজির হিজরত মুসলিম উম্মাহর ইতিহাসে এক মহৎ ঘটনা; কারণ এটিই ছিল ইসলামী রাষ্ট্র গঠনের প্রথম পদক্ষেপ। এজন্য কুরাইশরা সর্বাত্মক চেষ্টা করেছিল যেন এ কাজটি না ঘটে এবং নবী ﷺ মদিনায় পৌঁছাতে না পারেন।

হিজরতের ঘটনাই সাহাবাদের কাছে তাঁর জন্মের ঘটনার চেয়েও গুরুত্বপূর্ণ ছিল। এর প্রমাণ হলো যখন মুসলমানদের জন্য একটি বিশেষ তারিখ নির্ধারণ করার প্রয়োজনে আলোচনা করা হলো, তখন তারা সবচেয়ে মহৎ ঘটনাগুলো বিবেচনা করলেন। ফারুকে আযম উমর রাদিয়াল্লাহু আনহু তাঁদের সামনে দুটি বিকল্প রাখলেন হিজরত অথবা নবুওয়াত (نبوة প্রাপ্তি)। তাঁরা রাসূল ﷺ এর জন্মকে এত গুরুত্বপূর্ণ মনে করেননি যে সেটিকে ভিত্তি করে ক্যালেন্ডার নির্ধারণ করা হবে।

হিজরতের ঘটনায় পাওয়া শিক্ষা:

১. হিজরতের এই মহিমান্বিত ঘটনা ছিল ইসলামী ইতিহাসের এক বিশাল মোড় পরিবর্তনের মুহূর্ত। এটি ইতিহাসের গতিপথকে পাল্টে দিয়েছিল এবং জীবনযাত্রার ধারা ও পদ্ধতিকে পরিবর্তন করেছিল। সেই সময় মানুষ যেসব আইন, নীতি, প্রথা, রীতি-নীতি, আচার-আচরণ, ব্যক্তিগত ও সামাজিক চরিত্র, বিশ্বাস-আকীদাহ, ইবাদত-বন্দেগি, জ্ঞান-বিজ্ঞান, অজ্ঞতা, নীচতা, ভ্রান্তি ও পথভ্রষ্টতা, হিদায়াত,

ন্যায় ও অবিচার এসবের অধীনে জীবন যাপন করত, সেসবকেই নতুনভাবে রূপান্তরিত করেছিল হিজরতের ঘটনা। [মুহাম্মাদ রাসূলুল্লাহ ২/৪২৩]

২. হিজরত ইসলামী দাওয়াতের ইতিহাসে সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনাগুলোর একটি। হিজরতের আগে মুসলমানরা ছিল কেবল দাওয়াতের একটি উম্মাহ, তারা মানুষকে আল্লাহর দাওয়াত পৌঁছে দিত, কিন্তু তাদের কোনো রাজনৈতিক সত্তা ছিল না, যা দাঈদের রক্ষা করবে বা শত্রুদের আঘাত থেকে তাদের বাঁচাবে। কিন্তু হিজরতের পর প্রতিষ্ঠিত হলো দাওয়াতের রাষ্ট্র। এই রাষ্ট্রই দায়িত্ব নিলো ইসলামকে আরব উপদ্বীপের ভেতরে এবং এর বাইরেও ছড়িয়ে দেওয়ার।

৩. হিজরতের ঘটনায় স্পষ্টভাবে প্রকাশ পেয়েছে যে, শিরকমুক্ত বিশুদ্ধ আকীদাই হলো শত্রুতা ও বিদ্বেষ দূর করার অন্যতম কারণ। বিশুদ্ধ আকীদারই ক্ষমতা আছে অন্তর ও আত্মাকে একত্রিত করার, যা অন্য কোনো কিছুর দ্বারা সম্ভব নয়। এরই প্রভাবে আওস ও খাজরাজের মধ্যে মিলন ঘটেছিল, বিদ্বেষ ও ষড়যন্ত্রের দরজা বন্ধ হয়ে গিয়েছিল এবং মানুষের মধ্যে ভালোবাসা ও মমতার দরজা উন্মুক্ত হয়েছিল। [আল-হিজরাহ আন-নাবাবিয়্যাহ আল-মুবারাকাহ, পৃ. ২০৫]

তৃতীয় ঘটনা: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইন্তেকাল:

নবী ﷺ এর মৃত্যু ছিল এক মহৎ ও গুরুতর ঘটনা। তাঁর ইন্তেকালের দিন নিয়ে কোনো মতভেদ নেই; সেটি ছিল রবিউল আউয়াল মাসের সোমবার। অধিকাংশের মতে, সেটি ছিল ঐ মাসের ১২ তারিখ।

- ইবনু রজব রহিমাহুল্লাহ বলেন:"রাসূলুল্লাহ ﷺ ইন্তেকাল করলে মুসলমানরা বিপর্যস্ত হয়ে পড়েন। তাঁদের মধ্যে কেউ হতবিহ্বল হয়ে যান, এমনকি তাদের বিবেক-বুদ্ধি বিভ্রান্ত হয়ে যায়। কেউ শোকে ভেঙে পড়ে বসে পড়েন, দাঁড়ানোর শক্তি পাননি। কারো জিহ্বা অবশ হয়ে যায়, কথা বলার শক্তি হারিয়ে ফেলেন। আবার কারো কারো এমন অবস্থা হয়েছিল যে তারা তাঁর মৃত্যুকেই সম্পূর্ণ অস্বীকার করেছিলেন।" [লাতায়িফুল মা'আরিফ, পৃ. ১১৪]
  রাসূলুল্লাহ ﷺ বলেছেন:"তোমাদের কারো ওপর যদি কোনো বিপদ আসে, তবে সে যেন আমার মৃত্যুর বিপদকে স্মরণ করে; কেননা সেটিই সর্বশ্রেষ্ঠ (সবচেয়ে বড়) বিপদ।"
  (ইবনু মাজাহ-১৫৯৯; সহীহ, সহীহাহ-১১০৬)।
- কুরতুবী রহিমাহুল্লাহ বলেছেন:"রাসূলুল্লাহ ﷺ সত্যই বলেছেন; কারণ তাঁর ইন্তেকাল এমন এক বিপদ যা কিয়ামত পর্যন্ত মুসলমানরা যেকোনো বিপদের শিকার হলেও তার চেয়ে বড় হবে না। তাঁর ইন্তেকালের মাধ্যমেই ওহি বন্ধ হয়ে গেল, নুবুওয়াত শেষ হয়ে গেল। আরবদের বিদ্রোহ ও অন্য নানা ফেতনার মাধ্যমে প্রথমবারের মতো শয়তানি শক্তির প্রকাশ হলো। সেটিই ছিল কল্যাণের প্রথম বিচ্ছেদ এবং প্রথম ঘাটতি। [তাফসীরুল কুরতুবী ২/১৭৬]
  তিনি (কুরতুবী রহিমাহুল্লাহ) এখানে এক মহৎ বিষয়ের দিকে ইঙ্গিত করেছেন, যা নবী ﷺ এর ইন্তেকালের মাধ্যমে শেষ হয়ে গেছে। আর সেটি হলো ওহির অবসান, যা আদম আলাইহিস সালামকে পৃথিবীতে অবতীর্ণ করার দিন থেকে ক্রমাগত নাযিল হয়ে আসছিল; কিন্তু নবী ﷺ এর ইন্তেকালের মাধ্যমে তা বন্ধ হয়ে গেল।

নবী ﷺ এর ইন্তেকালের পর,

دخل أبو بكر وعمر رضي الله عنهما على أم أيمن بعد وفاة النبي صلى الله عليه وسلم يتفقدانها، فوجداها تبكي، فقال لها أبو بكر: ما يبكيك؟ ما عند الله خير لرسوله، قالت: والله ما أبكي أن لا أكون أعلم ما عند الله خير لرسوله، ولكن أبكي أنّ الوحي انقطع من السماء، فهيّجتهما على البكاء، فجعلا يبكيان

আবু বকর ও উমর রাদিয়াল্লাহু আনহুমা উম্মু আয়মান এর কাছে গিয়ে তার খোঁজখবর নিলেন। তারা দেখলেন, তিনি কাঁদছেন। আবু বকর ؓ তাকে বললেন:"তুমি কেন কাঁদছো? আল্লাহর কাছে কি

নবীর জন্য সেরা জিনিস নেই?” তিনি বললেন:ও আল্লাহ, আমি কাঁদছি না যে আমি জানি না আল্লাহর কাছে নবীর জন্য সেরা কি আছে, বরং আমি কাঁদছি কারণ আকাশ থেকে ওহি (প্রকাশ) বন্ধ হয়ে গেছে।”এ কথায় তাদেরও কান্না আসলো, এবং তারা কাঁদতে শুরু করলেন। [সহীহ মুসলিম- ১০৩]

নবী ﷺ এর মৃত্যু ছিল উম্মাহর ইতিহাসে সর্বাপেক্ষা মহৎ বিপদ। এটি সাহাবাদের অন্তর ও অবস্থার ওপর গভীর প্রভাব ফেলে। এমনকি তাদের এই দৃশ্যকে আয়েশা রাদিয়াল্লাহু আনহার বর্ণনা সত্যি বলেন: "صار المسلمون كالغنم المطيرة في الليلة الشاتية لفقد نبيهم"

“ নবী হারানোর কারণে মুসলমানদের অবস্থা এমন হলো যে, যেন বৃষ্টি ভেজা শীতের রাতে ভেড়াগুলির মত, তারা দিশাহারা হয়ে গেল।”

আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন:

"لما كان اليوم الذي دخل فيه رسول الله صلى الله عليه وسلم المدينة أضاء منها كل شيء، فلمّا كان اليوم الذي مات فيه أظلم منها كلّ شيء، وما نفضنا عن رسول الله صلى الله عليه وسلم الأيدي حتى أنكرنا قلوبنا"

“যে দিন নবী ﷺ মদিনায় প্রবেশ করেছিলেন, সে দিন শহরটি আলোকিত হয়ে ওঠে। আর যে দিন তিনি ইন্তেকাল করলেন, সেই দিন শহরটি অন্ধকারে ঢেকে গেল। আমরা তাঁর শরীর থেকে হাত সরানোর পরও আমাদের অন্তর অস্বীকার করেছিল।”

[আত-তিরমিযি (৩৬১৮), ইবনু মাজাহ (১৬৩১), সহীহ]

<u>এমন দিনে কোন উদযাপন সম্ভব? যখন উম্মাহ তার ইতিহাসে সবচেয়ে বড় বিপদের শিকার হয়েছিল।</u>

ফাকেহানী বলেছেন: “এটি এমন এক মাসে ঘটেছে, যে মাসে নবী ﷺ জন্মগ্রহণ করেছিলেন এবং সেই একই মাসেই তিনি ইন্তেকাল করেছেন। সুতরাং এই মাসে আনন্দের চেয়ে শোক প্রকাশই প্রাধান্য পাওয়া উচিত।”

নবী ﷺ এর ইন্তেকালে কিছু শিক্ষা ও উপদেশ:

১. এই ঘটনা ছিল মুসলমানদের জন্য তাদের ধর্মে অন্যতম বৃহৎ বিপদ। যেমন নবী ﷺ বলেছেন: “যদি তোমাদের কারো ওপর কোনো বিপদ আসে, তবে সে যেন আমার মৃত্যু স্মরণ করে; কারণ এটি সর্বশ্রেষ্ঠ বিপদ।” (আগের হাদীসের উদ্ধৃতি)
   রাসূলুল্লাহ ﷺ এর কথা সত্যি, কারণ তাঁর মৃত্যু কিয়ামত পর্যন্ত মুসলমানদের যে কোনো বিপদের চেয়ে বড়। তাঁর ইন্তেকালের ফলে ওহি বন্ধ হয়ে গেল, নুবুওয়াত শেষ হয়ে গেল, আরবদের বিদ্রোহ ও অন্যান্য পরিস্থিতিতে শয়তানি শক্তির প্রথম প্রকাশ ঘটল। এটি ছিল ভালো কাজের প্রথম বিচ্ছেদ এবং প্রথম ঘাটতি। [তাফসীরুল কুরতুবী ২/১৭৬]
২. তাওহীদ (একত্ববাদ) হলো মানুষের জীবনে সবচেয়ে গুরুতর বিষয়। নবী ﷺ এটি প্রচার করতেন, দাঁড়িয়ে থাকাকালীন, বসে থাকাকালীন, এবং ঘুমানোর সময়ও। এমনকি মৃত্যুর সময়েও তিনি এই বার্তা প্রকাশ করেছিলেন। মৃত্যুর সংকটে তিনি বলেন: “লা ইলাহা ইল্লাল্লাহ” (আল্লাহ ছাড়া সত্য কোনো উপাস্য নেই)। এছাড়া মৃত্যুর সংকটে তিনি আরও বলেন: “আল্লাহ ধ্বংস করুন ইহুদী ও খ্রিস্টানদের, যারা নবীর কবরকে মসজিদে পরিণত করেছে।” [বুখারী- ৪৩৭, মুসলিম- ৫৩০]
৩. প্রতিটি মানুষ অবশ্যই মৃত্যুর সম্মুখীন হবে এবং আল্লাহর সামনে হাজির হবে। মানুষকে তার ইবাদত ও বিশ্বাসযোগ্যতার বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হবে। নবী ﷺ মৃত্যুর বিছানায় শুয়ে বলেছেন:“সালাত, সালাত। তোমাদের অধীনস্থদের বিষয়ে আল্লাহকে ভয় করো।”[আবু দাউদ- ৫১৩৪]

এই মাসের সঙ্গে সম্পর্কিত প্রধান ভুলসমূহ:

মহানবী ﷺ-এর জন্মদিন উপলক্ষে কিছু প্রধান ভুল প্রচলন:

মাওলিদ হলো জন্মের সময়। এখানে বোঝানো হয়েছে নবী ﷺ এর জন্মের সময় উৎসবের আয়োজন করা, এবং তা উদযাপন ও আনন্দ প্রকাশ করা।

মাওলিদ তথা জন্মদিন উদযাপনের বিধান:

মাওলিদ উদযাপন একটি বিদ'আহ এবং নিন্দনীয় কর্ম, যা পালনকারীর জন্য বিভ্রান্তির কারণ হয়। কারণ আল্লাহর ধর্ম সম্পূর্ণ হয়েছে, ধন্যবাদ আল্লাহকে। আল্লাহ তাআ'লা বলেন: "আজ আমি তোমাদের জন্য তোমাদের ধর্মকে পরিপূর্ণ করেছি এবং আমার অনুগ্রহকে সম্পূর্ণ করেছি, এবং তোমাদের জন্য ইসলামকে ধর্ম হিসেবে গ্রহণযোগ্য করেছি।" [সূরা মায়েদাহ:৩]

- ইমাম মালিক বলেছেন:"যা কিছু ঐ দিন ধর্মে অন্তর্ভুক্ত ছিল, সেটিই ধর্ম। আর যা ঐ দিন ধর্মে অন্তর্ভুক্ত ছিল না, তা ধর্মের অংশ নয়।" [আল-ই'তিসাম, শাতবী ১/৪৯৪]

  এটি উদযাপন সাধারণত হয় ভোজন বা দাওয়াতের আয়োজনের মাধ্যমে, সাথে যেসব গ্রন্থ এই উদযাপনের জন্য রচিত, সেগুলো পাঠের সভা। এই সভাগুলোতে অন্তর্ভুক্ত থাকে: নবী ﷺ এর জন্মের কথা, তাঁর জীবনের অন্যান্য ঘটনা,তাঁর সুনাম, মহান গুণাবলী ও কিরাত,তাঁর পরিবার (আহলুল বয়ত) এবং তাদের নেক গুণাবলী ও কীর্তি।

  <u>নিশ্চয়ই, মাওলিদ উদযাপন বিদ'আহ হিসেবে প্রথম চালু করেছিলেন আবীদীয়রা,</u> যারা ফাতিমীয় রাষ্ট্রের শাসক ছিল; তারা কাফির ও ঈমানবিরোধী ছিলেন। এটি প্রথম তিনটি প্রিয় যুগে প্রচলিত ছিল না, তাই এটি একটি নতুন বিদ'আহ। প্রতিটি বিদ'আহ বিপথগামী, যেমন নবী ﷺ বলেছেন:"প্রতিটি বিদ'আহ বিপথগামী।" প্রতিটি নতুন উদ্ভাবিত (মুহদাস) বিষয় তার আবিস্কারকারীর জন্য প্রত্যাখ্যাত। নবী ﷺ বলেছেন:"আমাদের বিষয়ের মধ্যে যে কেউ এমন কিছু উদ্ভাবন করবে যা তার অংশ নয়, তা প্রত্যাখ্যাত।"

  নববী বলেছেন:"আরবরা বলেছে: الرد عنا অর্থাৎ প্রত্যাখ্যাত। অর্থাৎ এটি বাতিল এবং গ্রহণযোগ্য নয়।" [শারহ সাহিহ মুসলিম ১২/১৬]

  তিনি বলেছেন: "এই হাদীসটি ইসলামের একটি মহান নীতি, এবং এটি নবী ﷺ এর সংক্ষিপ্ত ও গুরুত্বপূর্ণ বাণীর মধ্যে একটি, কারণ এটি স্পষ্টভাবে সব বিদ'আহ ও উদ্ভাবিত বিষয় প্রত্যাখ্যান করে।"

  তিনি আরও বলেন: "এই হাদীসটি সংরক্ষণ এবং ব্যবহার করা উচিত অশ্লীল বা নিন্দনীয় কাজ বাতিল করার জন্য, এবং এর দ্বারা প্রমাণ উপস্থাপন করা উচিত।" [উল্লেখিত সূত্র]

মাওলিদ উদযাপন প্রথম কারা চালু করেছিলেন:

মাকরিজী বলেছেন: "ফাতিমীয় খলিফাদের সময়ে যে দিনগুলোকে তারা উৎসব ও আনন্দের সময় হিসেবে পালন করত, সেগুলোতে জনগণের অবস্থার উন্নতি ঘটত এবং তাদের জন্য অনেক অনুগ্রহ আসত। ফাতিমীয় খলিফাদের পুরো বছরের মধ্যে বিভিন্ন উৎসব ও মরসুম ছিল, যেমন: নবী ﷺ এর জন্মদিন, আলী ইবনে আবি তালেব রাদিয়াল্লাহু আনহু -এর জন্মদিন,হাসান ও হুসাইন রাদিয়াল্লাহু আনহুমার জন্মদিন,ফাতিমা রাদিয়াল্লাহু আনহা-এর জন্মদিন, বর্তমান খলিফার জন্মদিন, রজব মাসের প্রথম রাত,শাবান মাসের প্রথম রাত, মাসের অর্ধেকের রাত এভাবে তিনি অন্যান্য উৎসব ও মরসুমের বিস্তারিত বর্ণনা দিয়েছেন। [আল-খুতুত ১/৪৯০]

এই ঘটনাটিকে ফাতিমীয়দের সঙ্গে সম্পর্কিত করার বিষয়টি সমকালীনরা নিশ্চিত করেছেন, বিশেষ করে মিশরের মুফতি শাইখ মুহাম্মাদ বখীত আল-মাতিয়ি হানফি (মৃত্যু: ১৩৫৪ হিজরী)। তিনি আরও উল্লেখ করেছেন যে, এর সূচনা নির্দিষ্টভাবে ফাতিমীয় শাসক আল-মুযিয্ লি দীনিল্লাহ-এর সময়েই

হয়েছে।" [আহসানুল কালাম ফিমা ইয়াতায়াল্লাকু বিস সুন্নাহ ওয়াল বিদ'আহ মিনাল-আহকাম, মুহাম্মাদ বখীত, পৃ. ৪৪-৪৫]
শাইখ মুহাম্মাদ বখীত আল-মাতিয়ি হানফি এবং উস্তাজ আলী মাহফুজ একমত যে, ফাতিমীয়দের পর সপ্তম শতকে মালিক আল-মুজাফফর আবু সাঈদ ইরবিল শহরে নবীজির মাওলিদ উদযাপন শুরু করেছিলেন।" [আহসানুল কালাম, পৃ. ৫২; আল-ইবদা' ফি মাজারিল ইবতিদা', আলী মাহফুজ, পৃ. ১২৬]
এই ফাতিমীয়দের আহলুল বায়তের সঙ্গে তাদের সম্পর্ককে কোনো বিশ্বস্ত আলেম স্বীকার করেননি। বরং তারা আহলুল বায়তকে কলঙ্কিত করার জন্য গ্রন্থ ও আলোচনার ব্যবস্থা করেছে এবং তাদের ওপর কুফর, জাহেলিয়্যাহ ও অনৈতিকতার সাক্ষ্য প্রদান করেছে।
বাকালানী বলেছেন: "তারা এমন লোক যাদেরকে প্রকাশ্যে রাফিযি মনে করা হয়, কিন্তু অন্তরে বিশুদ্ধ কুফর লুকিয়ে রাখে।" [ইবনু কাসীর, আল-বিদায়া ওয়ান-নিহায়া ১১/৩৮৭]

ফাতিমীয়রা এই উদযাপনে যে নিন্দনীয় কাজগুলো করত, সেগুলো মাকরিজী তার 'আল-খুতুত'-এ উল্লেখ করেছেন। শাইখ মুহাম্মাদ বখীত আল-মাতিয়ি মন্তব্য করেছেন: "আপনি যদি জানেন ফাতিমীয়রা নবীজির মাওলিদ উদযাপনে কী করত, তবে আপনি নিশ্চিত হবেন যে তা কখনও বৈধ বা হালাল হিসেবে গণ্য হতে পারে না।" [আহসানুল কালাম, পৃ. ৫২]

নিশ্চয়ই এই উদযাপন তিনটি প্রিয় যুগের পর উদ্ভাবিত হয়েছে। যারা এটি চালু করেছে, তারা ইসলামের সঙ্গে যুক্ত সবচেয়ে মন্দ এবং কুফরপ্রবণ দলগুলোর মধ্যে শামিল ছিল। তারা এই উদযাপনগুলো পরিচালনা করেছিল সাধারণ জনসাধারণকে প্রভাবিত করার জন্য, এই ধারণা করে যে এই মাওলিদ উদযাপন তাদের অবৈধ বংশকে শক্তিশালী করবে। তারা এতে প্রচুর অর্থ ব্যয় করেছিল। মানুষ সেই বিশাল ভোজের জন্য আগ্রহী হয়ে উঠেছিল, যা তাদের জন্য প্রস্তুত করা হতো, এবং প্রত্যেক বছর আগ্রহভরে এর অপেক্ষায় থাকত। এভাবে বছর বছর এটি চলতে থাকল এবং মানুষ এতে অভ্যস্ত হয়ে গেল। এতে এমন বিশ্বাস তৈরি হলো যা নিয়ে বয়স্করা মৃত্যুবরণ করতো, আর ছোটরা সেই বিশ্বাসে বড় হতো।
যদিও আবীদ বংশের রাষ্ট্র শেষ হয়ে গেল, কিন্তু এই উদযাপন অব্যাহত থাকল, শুধুমাত্র যারা আল্লাহর দিকনির্দেশনা মেনে তাঁর কিতাব ও নবীর সুন্নাহকে আঁকড়ে ধরেছিল তাদের অবস্থা ব্যতিক্রম।"
"মাওলিদ উদযাপনের নিন্দনীয় দিকের মধ্যে একটি অদ্ভুত ঘটনা হলো সুয়ুতী তার আল-হাবি গ্রন্থে উল্লেখ করেছেন: "মালিক আল-মুজাফফর, যিনি মাওলিদ উদ্ভাবন করেছিলেন এটি তিনি আবীদ বংশের শাসকদের কাছ থেকে গ্রহণ করেছিলেন। একটি মাওলিদে একটি মঞ্চ/উৎসবস্থল প্রস্তুত করেছিলেন। সেখানে তিনি স্থাপন করেছিলেন: ৫,০০০ টি ভুনা ভেড়ার মাথা, ১০,০০০ টি মুরগি, ১০০ টি ঘোড়া, ১০০,০০০ টি দুধের পাত্র, ৩০,০০০ টি মিষ্টির থালা। তিনি সেখানে সুফিদের জন্য একটি সমাগম আয়োজন করেছিলেন দুপুর থেকে ভোর পর্যন্ত, এবং নিজেই নর্তকীদের সঙ্গে নৃত্য করতেন।" [মির'আতুজ্জামান, লিসাবৃত ইবনু আল-জাওযী, পৃ. ৬৮১-৬৮২]
শাইখ আবু বকর আল-জাজারী বলেছেন:"কীভাবে এমন উম্মাহ বাঁচতে পারে যার রাজারা দরবেশ, যিনি মিথ্যার উৎসবে নাচেন?! إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُون।" [আল-ইনসাফ, পৃ. ৩৬২; প্রকাশিত 'মাওলিদ উদযাপনের বিধান সম্পর্কিত বার্তাসমূহ'-এর মধ্যে]

মিলাদে দাঁড়ানো:

মিলাদে যে দাঁড়ানো হয়, তাকে বলা হয় “ফায়া” (الفزة) এবং তাদের উদ্দেশ্য হলো দ্রুত দাঁড়ানো, যখন নবী ﷺ-এর জন্মের উল্লিখিত স্মরণ হয় এবং তিনি দুনিয়ায় আগমন করেন। এটি তাদের কাছে “হযরাহ” (الحضرة) নামেও পরিচিত; কারণ এদের মধ্যে অনেকেই দাবি করে যে, সেই সময় নবী ﷺ-এর আত্মা উপস্থিত থাকে। তারা বলে: “হযর, হযর” (حضر،حضر) এবং জানালা খোলা রাখে যেন নবী ﷺ এর আত্মা সেখানে প্রবেশ করতে পারে।

এভাবে তারা বিদআত এবং নবী ﷺ-এর সাথে অশোভন আচরণ উভয়ই মিলিয়েছে; কারণ তারা এটিকে এমন কিছুর সাথে মিলিয়েছে যা আল্লাহ তায়ালার কুরআনের নির্দেশের বিপরীত:

“আর পিছন দিক দিয়ে ঘরে প্রবেশ করাতে কোনো পুণ্য নেই ; বরং পুণ্য আছে কেউ তাকওয়া অবলম্বন করলে। কাজেই তোমরা ঘরে প্রবেশ কর দরজা দিয়ে এবং তোমরা আল্লাহ্‌র তাকওয়া অবলম্বন কর, যাতে তোমরা সফলকাম হতে পার। [সূরা আল বাকারাহ:১৮৯]

এই দাঁড়ানো (قيام)টি পছন্দনীয় বলে উল্লেখ করেছেন রিসালাহ হাওলাল ইহতিফাল গ্রন্থের লেখক। [رسالة حول الاحتفال, পৃষ্ঠা ২৪-৩১]

যদিও নবীর ﷺ জীবদ্দশায় এটি নিষিদ্ধ এবং ঘৃণিত ছিল, এবং সাহাবীগণও এটিকে অপছন্দ করতেন। তাহলে কিভাবে এটি নবী ﷺ-এর জন্মমিলাদ উদযাপনে বিদআতী-প্রথার মধ্যে পছন্দনীয় হতে পারে?

আবু উমামাহ আল-বাহেলী রাদিয়াল্লাহু আনহু বলেছেন:

خرج علينا رسول الله صلى الله عليه وسلم متوكئًا على عصا، فقمنا إليه، فقال:

«لا تقوموا كما تقوم الأعاجم يعظم بعضها بعضًا»

নবী ﷺ আমাদের কাছে লাঠির উপর ভর দিয়ে বের হন, তখন আমরা তাঁর দিকে উঠে দাঁড়ালাম। তখন তিনি বললেন: “তোমরা এমনভাবে দাঁড়াবেন না যেমন অনারবরা দাঁড়িয়ে একে অপরকে সম্মান করে।” [আহমাদ-২১৬৭৭, আবু দাউদ- ৫২৩০]

আনস রাদিয়াল্লাহু আনহু বলেন:

"ما كان شخص أحب إليهم من النبي صلى الله عليه وسلم، وكانوا إذا رأوه لم يقوموا لما يعلمون من كراهيته لذلك"

“তাদের কাছে নবী ﷺ-এর চেয়ে প্রিয় কেউ ছিল না, এবং তারা যখন তাঁকে দেখত, তারা দাঁড়াতেন না, কারণ তারা জানতেন যে নবী ﷺ এটি অপছন্দ করতেন।” (আহমাদ-১১৯৩৬)

নবী ﷺ এই দাঁড়ানো অপছন্দ করতেন, তা নিষিদ্ধ করেছিলেন এবং বলেছেন এটি অনারবদের (অন্য জাতির) আচরণ, তাহলে কীভাবে তা নবী ﷺ-এর জন্ম ও দুনিয়ায় আগমনের স্মরণে করা যায়?! এটি আরও বেশি নিষিদ্ধ, কারণ এটি বিদআত এবং অনারবদের খারাপ প্রথাকে একত্রিত করে।

